গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৪. ৪০৫ তারিখ: ১৪/০৫/২০২৬ খ্রিঃ

বিষয়: **কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অকেজো মালামাল অপসারণ ও শিক্ষার পরিবেশ নিশ্চিতকরণ সংক্রান্ত।**

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিদ্যমান ৬৪টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ দেশের কারিগরি শিক্ষা প্রসারে দীর্ঘকাল ধরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। প্রতিষ্ঠানসমূহের অনেকগুলোতে বর্তমানে জরাজীর্ণ ভবন, অকেজো ও মেরামত অযোগ্য আসবাবপত্র (যেমন: ছাত্র-ছাত্রীদের ব্যবহারের অনুপযোগী টেবিল-চেয়ার, দরজা-জানালা), গারবেজ এবং বিভিন্ন অকেজো যন্ত্রপাতি ও মালামাল স্তূপীকৃত অবস্থায় রয়েছে।

২। বর্ণিত অবস্থায়, অকেজো মালামাল ও জরাজীর্ণ অবকাঠামো প্রতিষ্ঠানের একাডেমিক পরিবেশ ক্ষুণ্ণ করার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের জন্য অনিরাপদ পরিবেশ তৈরি করছে। অব্যবহৃত আসবাবপত্রের কারণে শ্রেণিকক্ষে চলাফেরার বিঘ্ন ও জায়গার সংকট সৃষ্টি হচ্ছে এবং জরাজীর্ণ কাঠামোসমূহ দুর্ঘটনার ঝুঁকি বৃদ্ধি করছে, যা প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তা ও সৌন্দর্যের পরিপন্থী। প্রতিষ্ঠানের শিক্ষার সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে এসব অকেজো মালামাল দ্রুত অপসারণ করা একান্ত প্রয়োজন।

৩। এমতাবস্থায়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১৬ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখের ১৮৭ নং স্মারকের পরিপত্র **(কপি সংযুক্ত)** মোতাবেক যথাযথ বিধি বিধান অনুসরণপূর্বক বর্ণিত অকেজো মালামাল ও অবকাঠামো অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন অতিসত্বর এ অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরি এবং সর্বোচ্চ অগ্রাধিকারযোগ্য।**

১৪/০৫/২৬
মোঃ এনায়েত করিম
সহকারী পরিচালক

প্রাপক: অধ্যক্ষ
৬৪টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৪.৪০৫(০৬) তারিখ: ১৪/০৫/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। পরিচালক (পিআইডব্লিউ/ পরিকল্পনা ও উন্নয়ন/ পিআইইউ/ প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর (সকল)।
৩। সহকারী পরিচাল, শাখা-৬, কারিগরি শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। মহাপরিচালক এঁর ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংশ্লিষ্ট নথি।

১৪/০৫/২৬
মোঃ এনায়েত করিম
সহকারী পরিচালক

ডাক (৪৬) | অফিস ব্যবস্থাপনা

কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর

| | | | |
|---|---|---|---|
| পরিচালক (প্রশাসন) | ✓ | সহকারী পরিচালক | |
| পরিচালক (ভোকেশনাল) | ✓ | | |
| পরিচালক (পলিটেকনিক/পিএইচটিটিআই) | | | |
| পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | | অন্যান্য | |
| পরিচালক (পিআইইউ) | | পিএস টু মহাপরিচালক | |
| প্রকল্প পরিচালক | | | |
| | | মহাপরিচালক | |
| ডকেট নং- ৮২৫ | | তারিখঃ- ১৮/১০/২২ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

মুজিব ১০০

নম্বর: ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৭.২০.১৮৭

ভোকেশনাল শাখা
ডকেট নং ৮৬৩ তারিখ ১৯/১০/২২

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯
১৬ অক্টোবর ২০২২

**পরিপত্র**

বিষয়: কনডেমনেশন কমিটি গঠন।

সরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, কারিগরি শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক কার্যালয়ের, পুরাতন জরাজীর্ণ ভবন/যানবাহন মালামাল নিলামে বিক্রয়/অকেজো ঘোষণার নিমিত্তে নিম্নবর্ণিত স্থানীয় কনডেমনেশন কমিটি গঠন করা হলো:

স্থানীয় কনডেমনেশন কমিটি:

| | | |
|---|---|---|
| ১) | জেলা প্রশাসক | সভাপতি |
| ২) | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৩) | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার। তবে মেট্রোপলিটন/সিটিকর্পোরেশন-এর ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | সদস্য |
| ৪) | সরকারি মটরযান পরিদর্শক (কেবল যানবাহনের ক্ষেত্রে) | সদস্য |
| ৫) | সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৬) | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/আঞ্চলিক উপ-পরিচালক | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

১। স্থানীয় কনডেমনেশন কমিটির সভাপতি প্রস্তাব প্রাপ্তির পর প্রস্তাবিত ভবন/মালামাল/মটরযান সরেজমিনে যাচাই-পূর্বক প্রাক্কলিত বিক্রয় মূল্যসহ প্রতিবেদন প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে (ভবন ও মালামালের ক্ষেত্রে)/সরকারি মটরযান পরিদর্শককে (যানবাহনের ক্ষেত্রে) প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

২। নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর অথবা সরকারি মটরযান পরিদর্শক এর প্রতিবেদন প্রাপ্তির পর স্থানীয় কনডেমনেশন কমিটিতে প্রস্তাবটি উপস্থাপন করা হবে।

৩। স্থানীয় কনডেমনেশন কমিটি নিলামের প্রস্তাব ও প্রাক্কলিত বিক্রয় মূল্য যাচাই-বাছাই করে নিলামে বিক্রয়ের বিষয়ে সুপারিশ করবে।

৪। স্থানীয় কনডেমনেশন কমিটির সুপারিশের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধান উক্ত অকেজো ঘোষণার প্রস্তাব অনুমোদনের জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন।

৫। অকেজো ঘোষণার প্রস্তাব কারিগরি শিক্ষা/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধান যাবতীয় ভবন ও মালামালের সংখ্যা এবং ভবন ও মালামালের হালনাগাদ অবস্থা উল্লেখ করে নিলামে বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তি প্রচার করবেন। এ ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

৬। ক) যদি ভবন/মালামালের প্রাক্কলিত বিক্রয় মূল্য এক লক্ষ টাকার কম হয়, তাহলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

খ) এক লক্ষ টাকার বেশি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/আঞ্চলিক কার্যালয় প্রধান, জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা প্রশাসক, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

৭। বিজ্ঞপ্তি প্রচারের পর নিলামের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক) নিলামে প্রাপ্ত মূল্য এক লক্ষ টাকার কম হলে, স্থানীয় কনডেমনেশন কমিটির সুপারিশক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান অব্যবহৃত ভবন/মালামাল বিক্রয় করতে পারবেন।

খ) নিলামে প্রাপ্ত মূল্য এক লক্ষ টাকার বেশি হলে উক্ত নিলাম মূল্য সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক কনডেমনেশন কমিটির সুপারিশসহ কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট দপ্তর প্রধান ভবন/মালামাল/যানবাহন বিক্রয় করতে পারবে।

৮। ইতোপূর্বে ০২ অক্টোবর ২০১৭ তারিখে নথি নং-৩৭.০০.০০০০.০৭৬.১২.০৫৯.২০১৬-৯৮৫, শাখা কারিগরি-১ হতে জারিকৃত এতদসংক্রান্ত পরিপত্রটি বাতিল করা হলো।

১৬-১০-২০২২

ড. মোঃ আশরাফুজ্জামান
উপসচিব
ফোন: ০২-৫৫১০১০৭৪
ইমেইল: sascordinet@tmed.gov.bd

বিতরণ:

১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
৬) অধ্যক্ষ, অধ্যক্ষ-এর দপ্তর , বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
৭) চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি, এলনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
৮) জেলা প্রশাসন , (সকল)
৯) নির্বাহী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী,, শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর।
১০) উপজেলা নিবাহী অফিসার, (সকল)
১১) সরকারি মটরযান পরিদর্শক, (সকল) (কেবল যানবাহনের ক্ষেত্রে)
১২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)
১৩) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/আঞ্চলিক উপ-পরিচালক/প্রধান শিক্ষক/জেলা শিক্ষা অফিসার।
১৪) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
১৫) ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
১৬) ব্যক্তিগত কর্মকর্তা, মাদ্রাসা অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
১৭) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। {অফিস আদেশটি মন্ত্রণালয়ের